



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগের শিক্ষার্থীর অকাল মৃত্যুতে
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের শোক প্রকাশ

জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের মেধাবী শিক্ষার্থী মোঃ মিসবাবুল আজিম গতকাল (২২ আগস্ট ২০২১-রবিবার) মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি.....রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ২২ বছর।

তাঁর অকাল মৃত্যুতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং বিশ্ববিদ্যালয় পরিবার গভীর শোক প্রকাশ করেছেন এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।